

## ভর্তি

### শাহজালাল বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল ৯ মার্চ

প্রতিনিধি শাহজালাল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০৪ মার্চ ২০২৫, ১৪: ৫২



ছবি: প্রথম আলো

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ভর্তি পরীক্ষার ফলাফল ৯ মার্চ প্রকাশ করা হবে। আজ মঙ্গলবার সকালে শাবিপ্রবির ভর্তি কমিটির সদস্যসচিব মোহাম্মদ রফিকুল ইসলাম প্রথম আলোকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, শাবিপ্রবি ভর্তি পরীক্ষা ২০২৪-২৫ এর ফলাফল ৯ মার্চ ভর্তি-ইচ্ছুকদের এসএমএসের মাধ্যমে ও ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

এর আগে গত ২৮ ফেব্রুয়ারি দেশের ৫টি বিশ্ববিদ্যালয় কেন্দ্রে শাবিপ্রবির 'এ' ইউনিট (বিজ্ঞান) ও 'বি' ইউনিটের (বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

